

স্মারক নং- ৩১.৪৪.৪১২৩.০০০.০৬.০০১.২৩.-২৭৫

তারিখ: ১০/০৬/২০২৩

১৪৩০ বঙ্গাব্দে ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি (২য় বার)

ভূমি মন্ত্রণালয়ের ১৮ ডিসেম্বর ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-০২).৪৮ নম্বর প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ঝিকরগাছা উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) আয়তনবিশিষ্ট নিম্নলিখিত জলমহালসমূহ বাংলা ০১ বৈশাখ ১৪৩০ হতে চৈত্র ১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির অনুমোদন স্বাপেক্ষে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিতে ইজারা প্রদান করা হবে। সাধারণ আবেদনের আওতায় ইজারা লাভের জন্য আগ্রহী সমিতিদেরকে বর্ণিত শর্ত ও সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নির্ধারিত নিয়মে আনুষঙ্গিক কাগজপত্রসহ সরাসরি আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে উপজেলা ভূমি অফিস, ঝিকরগাছা, যশোর হতে আবেদনপত্র সংগ্রহপূর্বক নির্ধারিত তারিখে জামানতের মূলকপিসহ সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিকরগাছা, যশোর এ দাখিল করতে হবে। আবেদন দাখিল সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিকরগাছা, যশোর হতে জানা যাবে।


জলমহালের তথ্যসমূহ:

উপজেলার নাম	ক্রমিক নং	জলমহালের নাম	জলমহালের আয়তন (একর)	সরকারি ইজারা মূল্য (টাকা)	মন্তব্য	দরপত্র দাখিলের সময়	
						১ম দফা	২য় দফা
০১	০২	০৩	০৪	০৫	০৬	১ম দফা	২য় দফা
ঝিকরগাছা	০১.	মৌতা বাওড়	৩.৩০	৮,৬৬৩/-	বিজ্ঞ আদালতে কোন চলমান মামলায় কোন আদেশ থাকলে সে মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।	অনলাইনে সম্পন্নকৃত	১০/০৪/২০২৩
	০২.	বালিয়া	১.৯৬	৭,০৮৮/-			
	০৩.	লাউজানী পুকুর	১.৪৮	৪,৭২৫/-			
	০৪.	মাগুরা পুকুর	০.৮৪	৬,০৩৮/-			

জলমহাল ইজারা প্রদানের শর্তাবলী

- ১। acl.jhikargacha.jessore.gov.bd ওয়েবসাইটে বর্ণিত বিজ্ঞপ্তি শর্ত অনুযায়ী প্রয়োণীয় কাগজপত্র ও দলিলাদিসহ উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় ঝিকরগাছা, যশোর আবেদন দাখিল করতে হবে।
- ২। বিজ্ঞপ্তিতে অর্ন্তভুক্ত সংশ্লিষ্ট জলমহালের দাখিলকৃত ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর এর অনুকূলে জামানত হিসাবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।
- ৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ উল্লিখিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে।
- ৪। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি/সিআইজি নিবন্ধকৃত সমিতি/যুব মৎস্যজীবী সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য (১৫% ভ্যাট এবং ১০% আইটিসহ) সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা প্রদান করবেন। সম্পূর্ণ

টাকা পরিশোধের পর ৩০০/- টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারা চুক্তি সম্পাদনপূর্বক জলমহালের দখল নির্বাচিত ইজারাদারকে বুঝিয়া দেওয়া হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ২য় বছরের ইজারামূল্য, ভ্যাট ও আইটি ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। একই ভাবে ৩য় বছরের ইজারা মূল্য, ভ্যাট ও আইটি ২য় বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারা মূল্য/সরকারী পাওনা নির্ধারিত সময়ে পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
৫। কর্তৃপক্ষ যে কোনো কিংবা সকল আবেদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিলের অধিকার সংরক্ষণ করেন।



(মোঃ মাহবুবুল হক)

উপজেলা নির্বাহী অফিসার

ঝিকরগাছা, যশোর

ও

আহবায়ক


উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

স্মারক নম্বর: ৩১.৪৪.৪১২৩.০০০.০৬.০০১.২৩-১৭৫

তারিখ: ৩০/০৩/২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৬, যশোর-২ (চৌগাছা-ঝিকরগাছা)
- ০২। জেলা প্রশাসক, যশোর।
- ০৩। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), যশোর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ০৬। উপজেলা অফিসার, ঝিকরগাছা/অফিসার ইনচার্জ, ঝিকরগাছা থানা, যশোর।
- ০৭। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
- ০৮। জনাব, ঝিকরগাছা, যশোর।
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ইউনিয়ন ভূমি অফিস, ঝিকরগাছা, যশোর।
- ১০। অফিস কপি



(কে, এম, মামুনুর রশীদ)

সহকারী কমিশনার (ভূমি)

ঝিকরগাছা, যশোর

ও

সদস্য সচিব

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি